যুগান্তর

তারিখ ...... পৃষ্ঠা ২ কলাম ১ ......

NOV. 27 2002

# প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে স্থায়ী শিক্ষক নিয়োগ করুন : স্পিকার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জাতীয় সংসদের স্পিকার ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোকে ভাড়া করা শিক্ষকের পরিবর্তে স্থায়ী শিক্ষক নিয়োগ করে শিক্ষার গুণগত মান উন্নয়নের আহ্বান জানিয়েছেন।

গতকাল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানিয়ে বলেন, অভিযোগ রয়েছে প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলো প্রতিষ্ঠার পেছনে টাকা উপার্জনের লক্ষ্য থাকে। যুগের প্রয়োজনে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয়তা আছে তা তাদের প্রমাণ করতে হবে।

ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক ও শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। এতে ইউনিভার্সিটির চেয়ারম্যান সবুর খান ও সদস্য ইঞ্জিনিয়ার শাহরীন ইসলামও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, উচ্চশিক্ষার মূল উদ্দেশ্য জব মার্কেট নয়, গবেষণাও উচ্চশিক্ষার অন্যতম উদ্দেশ্য। নিজেদের শিক্ষক, ভবন ও ফ্যাকাল্টি না থাকলে এ উদ্দেশ্য ব্যাহত হয়।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বিশ্বায়নের এ যুগে প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার জন্য দরকার কোয়ালিটি শিক্ষা। আমরা আশা করি এই কোয়ালিটি শিক্ষা দিয়ে ড্যাফোডিল ইউনিভার্সিটি তাদের ছাত্রছাত্রীদের জব মার্কেটে টিকে থাকতে সহায়তা করবে।